

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

নং-৪৯.০৪.০০০০.০০৪.০৭.০০৬.২০ (৫২) - ৫০০

তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২০

জমি ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের কল্যাণে এবং তাৎক্ষণিক প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিকটবর্তী এলাকায় “ডরমেটরী”, ব্রিফিং সেন্টার এবং রিইন্টিগ্রেশন সাপোর্ট সেন্টার স্থাপনের নিমিত্ত ০৩-০৬ বিঘা জমি ক্রয়ের লক্ষ্যে জমির প্রকৃত মালিকের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। জমি ও দরপত্র দাখিল সম্পর্কিত তথ্যাদি নিম্নরূপ :

- ক) ১। দরপত্র দাখিলের স্থান : পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর দপ্তর
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড,
প্রবাসী কল্যাণ ভবন (১০ তলা)
৭১-৭২ ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
- ২। দরপত্র দাখিলের শুরুর তারিখ ও সময় : তারিখ ২০-০৯-২০২০, সময় সকাল ০৯ হতে বিকাল ০৫ টা পর্যন্ত
- ৩। দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : তারিখ ০১-১০-২০২০, ১২ টা পর্যন্ত
- ৪। দরপত্র খোলার তারিখ ও সময় : তারিখ ০১-১০-২০২০, বিকাল ০৩ টায়
- খ) ১। জমির পরিমাণ : একর, বিঘা, কাঠা ও শতাংশে উল্লেখ করতে হবে।
- ২। জমির লোকেশন ও পারিপার্শ্বিক অবস্থা : জমির লোকেশন, ম্যাপ, রাস্তা, পারিপার্শ্বিক স্থাপনা এবং অন্যান্য তথ্যাদি
- ৩। জমির মালিকানা ও স্বত্ব সম্পর্কিত কাগজপত্র : মৌজার নাম উল্লেখপূর্বক জমির মালিকানার সপক্ষে মূল দলিল, বায়া দলিল, সিএস, এসএ, আরএস, খতিয়ান ও দাগ নং, মহানগর জরিপ, নামজারী ও খাজনা সংক্রান্ত যাবতীয় কাগজপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ৪। সড়কের সাথে জমির দূরত্ব : জমির সাথে সড়কের অবস্থান, প্রশস্ততা, দূরত্ব, চতুর্দিকের পারিপার্শ্বিক স্থাপনা ও অবস্থা।
- ৫। জমির মোট মূল্য : কাঠাপ্রতি মূল্য টাকায় উল্লেখ করতে হবে।

দরপত্রদাতাকে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে উল্লেখপূর্বক মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ৭১-৭২ ইন্সটান গার্ডেন রমনা, ঢাকা বরাবর নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে। এছাড়া জমি সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি থাকলে তা সংযুক্ত করা যাবে।

ক) জমির একক মূল্য ও উপযুক্ততা বিবেচনায় জমির পরিমাণ কম-বেশি করা যেতে পারে।

খ) কোন কারণ দর্শনো ব্যতিরিক্তে কর্তৃপক্ষ যে কোন দরপত্র বা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


(মুশাররাত জেবীন)
উপ-সচিব

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড

ফোন: ৯৩৪৩২৪৭

ই-মেইল: d.ad@wewb.gov.bd